


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চরবাগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস
চাঁপাই নবাবগঞ্জ সদর, চাঁপাই নবাবগঞ্জ

স্মারকঃ১৩৭

তারিখঃ১১/০৫/২০২২ খ্রি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর মহোদয়ের কার্যালয়ের স্মারক নং০৫.৪৩.৭০৬৬.০০১.০৩.০০১.২০২২-৪৭৭ তারিখঃ১০/০৪/২০২২ খ্রি মোতাবেক বাখের আলী তালখাষা ফেরিঘাট নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ের মাধ্যমে খাস আদায় কার্যক্রম চলমান রয়েছে। এমতাবস্থায় আগামী ১৫/০৫/২০২২ খ্রি তারিখ হতে ১৪/০৬/২০২২ খ্রি তারিখ পর্যন্ত বাখের আলী তালখাষা ফেরিঘাটটি ইজারা প্রদানের লক্ষে বন্ধখামে তার নিজস্ব প্যাড কিংবা সাদা কাগজে নিম্নরূপ শর্ত সাপেক্ষে দর গ্রহন করা হবে।

শর্তাবলী	
০১	বাখের আলী তালখাষা ফেরিঘাটটি আগামী ১৫/০৫/২০২২ খ্রি তারিখ হতে ১৪/০৬/২০২২ খ্রি পর্যন্ত সময়ের জন্য ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষে আগামী ১২/০৫/২০২২ খ্রি তারিখ বেলা ০২.৩০ টার মধ্যে নিজস্ব প্যাডে কিংবা সাদা কাগজে উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর বরাবর দরের পরিমাণ স্পষ্টভাবে অংকে ও কথায় উল্লেখ করে ঠিকানা ও মোবাইল নং সহ স্বাক্ষর পূর্বক চরবাগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসে দরপত্র দাখিল করতে পারবেন। স্বাক্ষর ছাড়া দরপত্র/আবেদন গ্রহণ যোগ্য হবেনা।
০২	দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ১৫০০০/- টাকা (পনের হাজার টাকা) জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাই নবাবগঞ্জ সদর এর অনুকূলে জমা দিতে হবে।
০৩	বন্ধ খামে দাখিলকৃত যার দর প্রথম সর্বোচ্চ হবে তার দর গ্রহণ করা হবে। গৃহীত দরের সাথে ১৫% ভ্যাট ও ১০% আয়কর তাৎক্ষণিক পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল করা হবে।
০৪	দরপত্র গ্রহনের জন্য চরবাগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসে রক্ষিত টেন্ডার বাক্স সংরক্ষণ করা হবে। উক্ত টেন্ডার বাক্সে সরাসরি দরপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত দরপত্র/ আবেদন ঐ দিনই বেলা ০২.৪৫ টার সময় সকলের উপস্থিতিতে খোলা হবে।
০৫	কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



মোহাঃ আখতারুজ্জামান

ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা(ভারঃ)
চরবাগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস
চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাই নবাবগঞ্জ

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ০১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর
- ০৪। সহকারী কমিশনার(ভূমি), চাঁপাইনবাবগঞ্জ সদর
- ০৫। চেয়ারম্যান,-----ইউনিয়ন পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর
- ০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,-----, চাঁপাইনবাবগঞ্জ সদর
- ০৭। জনাব-----